গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই)
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

নং- ৩৭.২০.১৮৩১.০০০.০৬.০১৯.১৮.৪৭

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ / ১৩ জুন, ২০১৯

## ইউআইটিআরসিই, দামুড়হুদা, চুয়াডাঙ্গা - এর ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ১৩/০৬/২০১৯ খ্রি:, বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | ইউআইটিআরসিই, দামুড়হুদা এর সভাকক্ষ। |
| সভার সভাপতি | : | জনাব দীপ্তিময়ী জামান, উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা। |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত কমিটির সদস্যবৃন্দের তালিকা **"পরিশিষ্ট-ক"** এ সন্নিবেশিত। |

ইউআইটিআরসিই ব্যবস্থাপনা কমিটির সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি গত সভার সিদ্ধান্তবলী উপস্থাপনপপূর্বক সদস্যবৃন্দকে আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার আহবান জানান। অতঃপর আলোচ্যসূচি অনুসারে নিম্নোক্ত ক্রমানুসারে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | UITRCE ভবনের জন্য বরাদ্দকৃত ভূমি ব্যবস্থাপনা | UITRCE স্থাপনের জন্য জমি বরাদ্দের নিমিত্তে উপজেলা পরিষদের সমন্বয় সভার সিদ্ধান্ত ও তার প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদনের মাধ্যমে ০৫ (পাঁচ) কাঠা জমি বরাদ্দ প্রদান করা হয়। এই সংক্রান্ত সংশ্লিষ্ট নথি সহকারী প্রোগ্রামার সভায় উপস্থাপন করেন।<br><br>অন্য দপ্তর কতৃক ভবন নির্মান বা অন্য কোন কারণে UITRCE এর ০৫ (পাঁচ) পাঁচ কাঠা জমির অংশবিশেষ ব্যবহৃত হতে পারে বলে সহকারী প্রোগ্রামার, ব্যানবেইস আশংকা প্রকাশ করেন। | ০১। সভাপতি মহোদয় উপজেলা ভূমি অফিসের সার্ভেয়ারকে UITRCE এর জন্য বরাদ্দকৃত ০৫ (পাঁচ) কাঠা জমি চিহ্নিত করতে নির্দেশনা প্রদান করবেন।<br><br>০২। সীমানা চিহ্নিত করার পর সংশ্লিষ্ট সীমানায় ছোট আকারের মার্কিং খুটি স্থাপন করতে হবে।<br><br>০৩। চিহ্নিত সীমানার মধ্যে UITRCE ভবনের পেছনের অংশে ঔষধী বা ফলদ বৃক্ষ রোপন এবং ভবনের সামনের অংশে ফুলের বাগান তৈরী করা হবে। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।<br><br>০২। সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই দামুড়হুদা, চুয়াডাঙ্গা। |

| ক্র: | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ২. | UITRCE ভবনের পানিতে প্রকট আয়রন জনিত সমস্যা। | ইউআইটিআরসিই, ব্যানবেইস ভবনের পানিতে প্রকট আয়রনজনিত সমস্যার ব্যাপারে সভায় আলোচনা হয়।<br>এ বিষয়ে সহকারী প্রোগামার পূর্বের সভার রেজ্যুলেশনের সংশ্লিষ্ট অংশ এবং গৃহীত সিদ্ধান্ত পাঠ করে শোনান। একই সাথে জানান যে দাপ্তরিক ভাবে প্রধান কার্যালয়কে অবহিত করে এ বিষয়ে সমাধান পাওয়া যায়নি। স্থানীয়ভাবে সমাধানের ব্যাপারে প্রধান কার্যালয় নির্দেশনা প্রদান করেছে। এছাড়া দামুড়হুদা উপজেলা কম্পাউন্ড পৌরসভার অন্তর্গত না হবার কারনে পানির পাইপলাইন থেকে সরবরাহ নেবার সুযোগ নাই।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, আয়রনজনিত প্রকট সমস্যার কারণে ভবনের পানির ব্যাবহার উপযোগিতা নেই। সকল ওয়াশরুমের ফিটিংস ও টাইলস আয়রণ জমার কারণে নষ্ট হয়ে যাচ্ছে। এতে ভবনের সৌন্দর্য নষ্ট হচ্ছে, একই সাথে প্রশিক্ষনার্থীদের সমস্যা হচ্ছে। | ০১। গত সভার সিদ্ধান্ত মোতাবেক সভাপতি দামুড়হুদা উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলীর সহায়তা নিয়ে সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন।<br>০২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের স্থানীয় অফিসের মাধ্যমে গভীর নলকূপ স্থাপনের ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ পূরনার পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা।<br>০২। সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই, দামুড়হুদা। |
| ৩. | শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের মোটরসাইকেল শেড | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ ইউআইটিআরসিই কার্যালয়ে প্রশিক্ষনে আসে বিধায় তাদের ব্যবহৃত মোটরসাইকেল রাখার জন্য উপজেলার এই অংশে একটি শেড প্রয়োজন। বৃষ্টি বা রোদে প্রশিক্ষনার্থী শিক্ষকদের মোটরসাইকেল বাইরে থাকে।<br>এ বিষয়ে করণীয় সম্পর্কে সভায় আলোচনা হয়। | ১। উপজেলার মাসিক সমন্বয় সভায় বিষয়টি উত্থাপন করতে হবে।<br>২। উপজেলা পরিষদ এর মাধ্যমে মোটরসাইকেল শেড তৈরী করার জন্য প্রয়োজনীয় যোগাযোগ ও উদ্যোগ নিতে হবে। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।<br>০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।<br>০৩। সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই দামুড়হুদা, চুয়াডাঙ্গা। |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় ইউআইটিআরসিই ব্যবস্থাপনা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(দীপ্তিময়ী জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ইউআইটিআরসিই ব্যবস্থাপনা কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
ফোনঃ ০৭৬২৩-৫৬০০১

নং- ৩৭.২০.১৮৩১.০০০.০৬.০১৯.১৮.**৪৭** (০৯)

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ / ১৩ জুন, ২০১৯

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার বিভাগ, ব্যানবেইস, ঢাকা।

অনুলিপি কার্যার্থে:

০১। সকল সদস্য, ইউআইটিআরসিই ব্যবস্থাপনা কমিটি, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
০২। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
০৩। অফিস কপি।

(মো: আব্দুল কাদির)
সহকারী প্রোগ্রামার
ইউআইটিআরসিই, ব্যানবেইস
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
ফোনঃ ০৭৬২৩-৫৬০২৫

**পরিশিষ্ট – ক**

## ইউআইটিআরসিই, দামুড়হুদা, চুয়াডাঙ্গা – এর ব্যবস্থাপনা কমিটির সভা

সভার তারিখ ও সময়ঃ ১৩/০৬/২০১৯ খ্রি:, বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকা।

**উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ**

| উপস্থিত সদস্যবৃন্দ | অনুপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|
| ০১। জনাব দীপ্তিময়ী জামান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>দামুড়হুদা, চুয়াডাঙ্গা।<br><br>০২। জনাব মোঃ আব্দুল মতিন<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>দামুড়হুদা, চুয়াডাঙ্গা।<br><br>০৩। জনাব সাকী সালাম<br>উপজেলা শিক্ষা অফিসার<br>দামুড়হুদা, চুয়াডাঙ্গা।<br><br>০৪। জনাব মোঃ আব্দুল কাদির<br>সহকারী প্রোগ্রামার<br>ইউআইটিআরসিই, ব্যানবেইস<br>দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ০১। সহকারী প্রকৌশলী<br>ইইডি/এলজিইডি<br>দামুড়হুদা, চুয়াডাঙ্গা।<br><br>[বিঃদ্রঃ এই পদে দামুড়হুদা উপজেলায় জনবল নাই] |

১৩/০৬/১৯